

প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা, ২০১৭

বিষয়: হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান— ১০০

[দ্রষ্টব্য : দক্ষিণ পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]

- ১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ : ১ × ৫০ = ৫০
১. প্রতিমা পূজার মাধ্যমে ভক্ত অনুভব করেন—
(ক) শান্তি (খ) গর্ব (গ) সাহস (ঘ) শান্তি ও সাহস
২. সুমীর দাদু প্রতিদিন তুলসী মালা হাতে নীরবে কিছু সময় কাটান, এ সময় তিনি করেন—
(ক) ধ্যান (খ) জপ (গ) স্তব (ঘ) স্তুতি
৩. বিভিন্ন বাদ্যযন্ত্র বাজিয়ে সমবেতভাবে আমরা করি ঈশ্বরের—
(ক) ধ্যান (খ) জপ (গ) কীর্তন (ঘ) স্তুতি
৪. সাকার রূপে আমরা ঈশ্বরকে পাই—
(ক) কীর্তনে (খ) ধ্যানে (গ) পূজায় (ঘ) জপে
৫. জীবাত্মা, পরমাত্মা ও নিরাকার ব্রহ্ম সম্পর্কে জানার জন্য আমরা পড়ব—
(ক) রামায়ণ (খ) উপনিষদ (গ) বেদসংহিতা (ঘ) পুরাণ
৬. স্বামী প্রণবানন্দ-এর আদর্শ অনুসরণ করে তুমি করবে—
(ক) সমাজ সংস্কার (খ) মানবসেবা (গ) তীর্থযাত্রা (ঘ) ধর্ম প্রচার
৭. মানুষে মানুষে পার্থক্য করা উচিত নয়। কারণ সকলেই—
(ক) ঈশ্বরের সৃষ্টি (খ) জগতের কল্যাণ চায়
(গ) সৃষ্টিকর্তার উপাসনা করে (ঘ) ধর্মের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করে
৮. আমরা যখন পরস্পরের প্রতি শ্রদ্ধাশীল হই, তখন প্রকাশ পায়—
(ক) সহর্মিতা (খ) সহযোগিতা (গ) উদারতা (ঘ) সম্প্রীতি
৯. আমরা ঈশ্বরের 'সুব-স্তুতি' করি—
(ক) প্রথা হিসেবে (খ) জীবন রক্ষা করতে
(গ) ভালো ফলের আশায় (ঘ) করুণা লাভের আশায়
১০. সমাজে শান্তি শৃঙ্খলা বজায় রাখতে প্রয়োজন—
(ক) নিজের চিন্তা করা (খ) নিজ ধর্ম পালন করা
(গ) ধর্মীয় সাম্য রক্ষা করা (ঘ) ঈশ্বরে বিশ্বাসী হওয়া
১১. রোহিত পুষ্পাজলির সময় বিদ্যাদেবীর নিকট প্রার্থনা করে—
(ক) ধন (খ) শক্তি (গ) সুখ (ঘ) জ্ঞান
১২. বৈদিক যুগে স্বর্গ লাভের জন্য করা হতো—
(ক) যাগযজ্ঞ (খ) মূর্তি পূজা (গ) নাম সংকীর্তন (ঘ) দান-দক্ষিণা
১৩. তোমার বড় ভাই নবম শ্রেণিতে পড়লেও সে তার প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের
প্রণাম করে, এটি তার—
(ক) সাধুতা (খ) শিষ্টাচার (গ) উদারতা (ঘ) পরমতসহিষ্ণুতা
১৪. অহিংস ব্যক্তি কখনও সে কাজটি করেন না—
(ক) ক্ষমা (খ) হিংসা (গ) মজ্জল (ঘ) উপকার

১৫. তুমি কখনই কাউকে ঈর্ষা কর না, এজন্য তোমার—
 (ক) ভালো লাগে (খ) আনন্দ হয় (গ) সুনাম বাড়ে (ঘ) মজা লাগে হয়
১৬. আমরা ব্রহ্মজ্ঞানে সেবা করবো—
 (ক) শিক্ষাগুরুরকে (খ) দীক্ষাগুরুরকে (গ) পিতামাতাকে (ঘ) সকল জীবকে
১৭. তুমি সকল ধর্মাবলম্বীর প্রতি শ্রদ্ধাশীল কারণ—
 (ক) পুণ্যলাভের জন্য (খ) ধর্ম মানুষকে রক্ষা করে
 (গ) লোকের কল্যাণের জন্য (ঘ) সকল ধর্মের মূলকথা এক
১৮. যোগব্যায়াম শরীর ও মনকে সুস্থ ও পবিত্র রাখার জন্য সহায়ক, কারণ এটি—
 (ক) শাস্ত্রসম্মত (খ) স্বাস্থ্যসম্মত
 (গ) নিয়ম অনুসরণ করে (ঘ) গুরুর অধীনে চর্চা হয়
১৯. জন্মভূমিকে আমরা ভালোবাসি, কারণ জন্মভূমি আমাদের—
 (ক) মা-এর মতো (খ) উপযুক্ত বাসস্থান
 (গ) বেঁচে থাকার আশ্রয় (ঘ) স্বর্গের চেয়েও বড়
২০. অবতারের কোন কাজটি সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে তুমি মনে কর?
 (ক) মানুষকে দেখাশুনা করা (খ) শাস্তি প্রতিষ্ঠা করা
 (গ) ভালো মানুষকে রক্ষা করা (ঘ) ধর্ম পুনঃস্থাপন করা
২১. ঈশ্বরের নিকট প্রার্থনার সময় তুমি নিজের মনকে প্রস্তুত কর—
 (ক) সুখী ভাবে (খ) শান্ত ভাবে (গ) দীনতার ভাবে (ঘ) দুঃখী ভাবে
২২. শ্রীকৃষ্ণ ও অর্জুনের কথোপকথন বর্ণিত রয়েছে—
 (ক) বেদে (খ) গীতায় (গ) চণ্ডীতে (ঘ) উপনিষদে
২৩. হিন্দুধর্মকে 'সনাতন ধর্ম' বলা হয়, কারণ এটি—
 (ক) চিরন্তন কিন্তু নূতন (খ) চিরন্তন ও চিরস্থায়ী
 (গ) প্রাচীন কিন্তু নিত্য নয় (ঘ) প্রাচীন কিন্তু পরিবর্তনশীল
২৪. দেহ ও মন ভালো রাখার উপায় হলো—
 (ক) বিশ্রাম (খ) শরীর চর্চা (গ) নিয়মানুবর্তিতা (ঘ) পরিমিত আহার
২৫. জন্মান্তর হলো আত্মার—
 (ক) মুক্তি লাভ (খ) স্বর্গ লাভ (গ) জন্ম লাভ (ঘ) পুনঃপুন জন্ম লাভ
২৬. ঈশ্বরের নিকট তুমি নিয়মিত প্রার্থনা কর, কারণ প্রার্থনা—
 (ক) শান্তি দেয় (খ) উপাসনার অঙ্গ
 (গ) ধৈর্য বৃদ্ধি করে (ঘ) বিপদ থেকে রক্ষা করে
২৭. স্বামী বিবেকানন্দের শিকাগো বক্তৃতায় প্রাধান্য পায়—
 (ক) সব ধর্মমতকে শ্রদ্ধা (খ) ইংরেজি বলা
 (গ) হিন্দুধর্মের বিশালতা (ঘ) হিন্দুধর্মের শ্রেষ্ঠত্ব
২৮. পাণ্ডবেরা রাজত্ব ছেড়ে ব্রাহ্মণের বাড়িতে শরণার্থী হয়েছিল—
 (ক) মায়ের আদেশ পালন করতে (খ) রাজকার্য থেকে মুক্ত হতে
 (গ) যুদ্ধের জন্য প্রস্তুতি নিতে (ঘ) কৌরবদের শর্ত পালনে
২৯. সমাজে কোনো কাজের মাধ্যমে তুমি ঈশ্বরের সেবা করছ এটি প্রকাশ করবে?
 (ক) কীর্তন করে (খ) পূজা করে (গ) জনসেবা করে (ঘ) ধ্যান করে

৩০. একজন বৃন্দলোক রাস্তা পার হতে পারছে না, এ পরিস্থিতিতে তুমি কর—
 (ক) একাকী আসতে বারণ করি (খ) রাস্তা পার হতে সাহায্য করি
 (গ) সাবধানে রাস্তা পার হতে বলি (ঘ) দ্রুত স্থান ত্যাগ করি
৩১. জীবনে সুখ, শান্তি এবং সমৃদ্ধি লাভের জন্য তুমি কর—
 (ক) পূজা (খ) ধ্যান (গ) কীর্তন (ঘ) যাগযজ্ঞ
৩২. তোমার ঠাকুরমা ধর্মগ্রন্থ পাঠ করতে চান। কিন্তু দৃষ্টিশক্তি ক্ষীণ হওয়ায় তিনি পাঠ করতে পারেন না। এ অবস্থায় তুমি কর—
 (ক) দিদিকে ডেকে আনি (খ) নিজে পড়ে শুনাই
 (গ) পড়তে নিষেধ করি (ঘ) চশমা ব্যবহার করতে বলি
৩৩. সমবয়সীদের প্রতি তুমি প্রদর্শন কর—
 (ক) শ্রদ্ধা (খ) স্নেহ (গ) করুণা (ঘ) সৌজন্য
৩৪. সন্ধ্যাবেলায় গৃহের মঙ্গলের জন্য তুমি কর ঈশ্বরের—
 (ক) স্তর (খ) স্তুতি (গ) ধ্যান (ঘ) উপাসনা
৩৫. সং পথে জীবন পরিচালিত করার জন্য তুমি কর—
 (ক) ধর্ম পালন (খ) জ্ঞান অর্জন (গ) বিজ্ঞান চর্চা (ঘ) সম্পদ আহরণ
৩৬. তুমি পরীক্ষায় ভালো করতে চাও। এমতাবস্থায় তুমি কর—
 (ক) নিয়মিত ধ্যান (খ) আসন অনুশীলন
 (গ) যোগব্যায়াম চর্চা (ঘ) নিয়মানুবর্তিতার অভ্যাস
৩৭. বন্ধুরা মিলে সববে ঈশ্বরের গুণগান করতে চাও, এজন্য তোমরা কর—
 (ক) জপ (খ) ধ্যান (গ) পূজা (ঘ) কীর্তন
৩৮. ভগিনী নিবেদিতার জীবনী অনুসরণে তুমি কর—
 (ক) ভ্রমণ (খ) গৃহকর্ম (গ) মানবসেবা (ঘ) বয়স্কদের সেবা
৩৯. ছুটির একদিনে পথে হঠাৎ একজন শিক্ষকের সঙ্গে দেখা হলো। সে সময় তুমি কর—
 (ক) লজ্জা পাই (খ) বিস্মিত হই (গ) সম্মান জানাই (ঘ) ভয় পেয়ে যাই
৪০. তোমার মা বাড়িতে গৃহপালিত পশুপাখি পালন করেন। দুইদিনের জন্য তিনি বেড়াতে যাবেন। তখন তুমি পশুপাখিদের—
 (ক) পরিচর্যা কর (খ) বাবাকে দেখতে বল
 (গ) পশুপাখি বিক্রি কর (ঘ) ছোটবোনকে দেখতে বল
৪১. ব্রাহ্মণ কীভাবে সংসার চালাতেন?
 (ক) পূজা করে (খ) কীর্তন করে (গ) উজ্জ্বল করে (ঘ) ধর্ম কথা শুনিয়ে
৪২. 'সর্বং খণ্ডিদং ব্রহ্মা'— কথাটি কোন গ্রন্থে বলা হয়েছে?
 (ক) উপনিষদে (খ) রামায়ণে (গ) মহাভারতে (ঘ) ভাগবতে
৪৩. হিন্দুধর্মের মূল লক্ষ্য কী?
 (ক) ভোগ (খ) ত্যাগ (গ) স্বর্গলাভ (ঘ) মোক্ষলাভ
৪৪. নিবেদিতার মৃত্যু হয় কোথায়?
 (ক) কলকাতায় (খ) বেলুড়ে (গ) দক্ষিণেশ্বরে (ঘ) দার্জিলিং-এ
৪৫. 'যত মত তত পথ'— কথাটি কে বলেছেন?
 (ক) বিবেকানন্দ (খ) রামকৃষ্ণ (গ) সারদা দেবী (ঘ) রাণি রাসমণি
৪৬. ভগবান শ্রীকৃষ্ণ কার প্রতি শিষ্টাচার প্রদর্শন করেছিলেন?
 (ক) অর্জুন (খ) ইন্দ্র (গ) নকুল (ঘ) নারদ

৪৭. বিশ্বামিত্র জাতিতে কী ছিলেন?

(ক) ক্ষত্রিয় (খ) ব্রাহ্মণ (গ) বৈশ্য (ঘ) শূদ্র

৪৮. কোন তিথিতে বিশেষভাবে উপবাস করার নিয়ম রয়েছে?

(ক) একাদশী (খ) দ্বাদশী (গ) ত্রয়োদশী (ঘ) চতুর্দশী

৪৯. সৌবীর রাজ্যের রানি ছিলেন কে?

(ক) অবলা (খ) মৃদুলা (গ) বিদুলা (ঘ) চপলা

৫০. হোলি খেলা হয়—

(ক) দোলযাত্রায় (খ) নববর্ষের সময়

(গ) দুর্গাপূজার সময় (ঘ) রথযাত্রার সময়

২। নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ :

১ × ১৫ = ১৫

(ক) নিরাকার ঈশ্বরকে কী বলা হয়?

(খ) বশিষ্ঠ কে ছিলেন?

(গ) প্রার্থনা বলতে কী বোঝ?

(ঘ) 'নৃসিংহ' বলতে কী বোঝ?

(ঙ) ঈশ্বরের উপাসনা কেন করা হয়?

(চ) সমবেত উপসনা করা যায় কীভাবে?

(ছ) পুরাণ পাঠের মাধ্যমে আমরা কী জানতে পারি?

(জ) শরীর সুস্থ রাখার জন্য কী কর?

(ঝ) পড়ালেখায় মন বসানোর জন্য তুমি কোন আসন করবে?

(ঞ) কীর্তনে তুমি কী কর?

(ট) রাম কেন বনে গমন করেছিলেন?

(ঠ) জন্মান্তর কাকে বলে?

(ড) বেদের এক নাম শ্রুতি হলো কেন?

(ঢ) বিভিন্ন ধর্মের লোকেরা ঈশ্বরকে কী কী নামে ডাকে?

(ণ) ঋষি-কবির কীসের ধারণা দিয়েছেন?

৩। (ক) থেকে (জ) পর্যন্ত যেকোনো ছয়টি এবং (ঝ) ও (ঞ) থেকে যেকোনো একটিসহ

মোট সাতটি প্রশ্নের উত্তর লেখ :

৫ × ৭ = ৩৫

(ক) নিত্যকর্ম কী? আমরা কেন নিত্যকর্ম করব? নিত্যকর্ম অনুশীলনে আমরা কী সুফল

পাই তিনটি বাক্যে উল্লেখ কর।

১+১+৩ = ৫

(খ) কে স্বর্গলাভ করবে? স্বর্গলাভের জন্য আমাদের করণীয় সম্পর্কে চারটি বাক্য লেখ।

১+৪ = ৫

(গ) সাকার উপাসনা কী? উপাসনার চারটি বৈশিষ্ট্য উল্লেখ কর।

১+৪ = ৫

(ঘ) "সৃষ্টিতেই স্রষ্টার আনন্দ" কেন? পাঁচটি কারণ উল্লেখ কর।

৫

(ঙ) "হিন্দুধর্মাবলম্বীদের নিয়মিত মন্ত্র ও শ্লোক পাঠ করা উচিত" কেন? এ সম্পর্কে পাঁচটি

বাক্য লেখ।

৫

(চ) হিন্দুধর্মকে সনাতন ধর্ম বলা হয় কেন? এ সম্পর্কে পাঁচটি বাক্য লেখ।

৫

(ছ) পৃথিবীর প্রধান চারটি ধর্মের নাম লেখ। তুমি মানুষকে কীভাবে ভালোবাসবে তা

চারটি বাক্যে লেখ।

১+৪ = ৫

(জ) শিষ্টাচার বলতে কী বোঝ? শিক্ষকের প্রতি কীভাবে শিষ্টাচার প্রদর্শন করবে এ

সম্পর্কে চারটি বাক্য লেখ।

১+৪ = ৫

(ঝ) 'সাধনার পথ বহু, কিন্তু ঈশ্বর এক।' পাঁচটি বাক্যে কথাটি বুঝিয়ে লেখ।

৫

(ঞ) আমরা দেশকে ভালোবাসব কেন? পাঁচটি বাক্যে বুঝিয়ে লেখ।

৫